

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১. ৫২৭


তারিখ: ১৫ শ্রাবন ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৫ খ্রি.

বিষয়:- হাইস্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণে জেলা ও উপজেলা প্রশাসন এবং পুলিশ ও স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাগণকে রিসোর্স পার্সন হিসেবে অংশগ্রহণ নিশ্চিতকরণ

সূত্র নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৭.২২.৮৬৪ তারিখ: ২৯ এপ্রিল ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় নির্বাচিত বিদ্যালয়ে কিশোরী সংঘের সদস্যদের নিয়ে প্রতি ২ মাস অন্তর সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের সংস্থান রয়েছে। কিশোরীদের বাল্য বিবাহের কুফল, ইভটিজিং, বয়:সন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা, ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা প্রভৃতি বিষয়ে সচেতন করার জন্য জেলা ও উপজেলা প্রশাসন, স্বাস্থ্য ও পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে উল্লেখিত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে আমন্ত্রণ জানানোর জন্য সূত্রোক্ত স্মারকের পত্রে নির্দেশনা প্রদান করা হয়। মাঠপর্যায়ে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, প্রদত্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কিছু উপজেলায় কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আমন্ত্রণ জানানো হয় নি, ফলশ্রুতিতে উক্ত কার্যক্রমের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন বিঘ্নিত হচ্ছে।

এমতাবস্থায়, কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণে জেলা ও উপজেলা প্রশাসন এবং পুলিশ ও স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাগণকে রিসোর্স পার্সন হিসেবে অংশগ্রহণ নিশ্চিতকরণসহ ২০২৪-২০২৫ অর্থ বছরে কিশোরী সচেতনতামূলক প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের সম্মানীভাষা প্রদানের মাস্টাররোল আগামী ০৭ আগস্ট, ২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪

ইমেইল:-iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (তৌর জেলাধীন সংশ্লিষ্ট উপজেলায় স্কুল কার্যক্রমের আওতাভুক্ত কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্নকরণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
- প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)
- অফিস নথি।